

### 3rd Summative Evaluation - 2023

#### Class - V

F.M-50

Sub-Bengali

Time -1 Hr. 30 Min.

- ১। সঠিক উত্তর নির্বাচন করো : ১×৬ = ৬
- ক) মাস্টারদা ছিলেন ——— (অঙ্কের / বাংলার / ইতিহাসের / ভূগোলের) শিক্ষক।
- খ) যে আকাশে ——— ওঠে না (মেঘ / রোদ / ঝড় / বিদ্যুৎ)।
- গ) তাল নবমীর ব্রত হবে ——— (সোমবার / মঙ্গলবার / শুক্রবার / শনিবার)।
- ঘ) কবি যখন একলা থাকেন তখন তার সঙ্গে থাকে ——— (মা / বাবা / সবুজ গাছপালা / বই)।
- ঙ) এমনি করে রোজ ——— নতুন হচ্ছে (পৃথিবী / জগৎ / সংসার / দুনিয়া)।
- চ) রাজার পিসি ক্রিকেট খেলেন ——— (কুমড়ো / বেল / বল / লাউ)।
- ২। অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ( ৬ টি) ১×৬=৬
- ক) বোম্বাগড়ের রাজা ছবির ফ্রেমে কী বাঁধিয়ে রাখেন?
- খ) 'আকাশের দুই বন্ধু' গল্পটির লেখকের নাম কি?
- গ) কবি কাকে ধরার জন্য ছোটেন?
- ঘ) তালের বড়া কোন ব্রত উপলক্ষে করা হয়?
- ঙ) কবি কেমন রাস্তা পছন্দ করেন?
- চ) রেস্তোরার গায়ে নোটিশে কী লেখা থাকত?
- ছ) জটি পিসিমার ভালো নাম কী?
- ৩। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও : ( ৪ টি) ৪×২=৮
- ক) ব্রিটিশ শাসিত ভারতবর্ষে কোন পতাকা উড়ত? তার বদলে বিপ্লবীরা কেমন পতাকা ওড়ালেন? ১+১
- খ) 'কী খোকাঠাকুর, যাচ্ছ কনে এত ভোরে?' - খোকা ঠাকুরটি কে? সে

- এত ভোরে কোথায় যাচ্ছিল? ১+১
- গ) 'মস্ত আশীর্বাদের মতে' - পঙ্ক্তিটি কোন্ কবিতার? কবি কোন বিষয়কে মস্ত আশীর্বাদ বলেছেন? ১+১
- ঘ) "পাঁউরুটিতে পেরেক ঠোকে কেন রানির দাদা?" কার লেখা কোন্ কবিতার অংশ? কোন রানির কথা এখানে বলা হয়েছে? ১+১
- ঙ) কাঁপকাঠি কী? তা ছিটকে গেলে ঘুড়ির কী অবস্থা হয়? ১+১
- ৪। রচনাধর্মী প্রশ্নের উত্তর দাও : ( ২ টি) ২×৫=১০
- ক) "এমন অন্যায়ে বেশীদিন চলে না। প্রতিবাদ হবেই।" - এই উক্তিটি কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে? লেখকের নাম কী? কারা, কীভাবে প্রতিবাদ করেছিল? এর গুরু কে ছিলেন? ১+১+২+১
- খ) 'রাত্রে কেন ট্যাঁক ঘড়িটা ডুবিয়ে রাখে ঘিয়ে?' - কার লেখা কোন্ কবিতার অংশ? কবিতাটি তোমার কেমন লাগে? কবিতাটি পড়ে রাজার তিনটি উদ্ভট আচরণ খুঁজে বার করো। ১+১+৩
- গ) 'একলা' কবিতাটিতে কবি যখন একলা থাকেন তখন তাঁর সঙ্গে আর কারা, কীভাবে থাকে? 'চুপ থাকাটা ও বাজনা বাজায়' কথাটির দ্বারা কবি কী বোঝাতে চেয়েছেন? ৩+২
- ৫। লিঙ্গ কাকে বলে? কয় প্রকার ও কি কি? ২
- ৬। পুরুষ নির্ণয় কর :- ২
- তুই - ..... আমরা - .....
- ওরা - ..... তোমরা - .....
- ৭। লিঙ্গ পরিবর্তন কর। ২
- শিষ্য - ..... বর - .....
- ভূত - ..... গয়লানি - .....
- ৮। বিপরীত শব্দ লেখ :- ২
- দুর্বল - ..... পাপ - .....
- দিন - ..... খাদ্য - .....
- ৯। বচন নির্ণয় কর :- ২
- মালাখানি - ..... দেশে দেশে - .....
- ১০। যে কোনো একটি বিষয় নিয়ে অনুচ্ছেদ রচনা কর :- ১০
- তোমার প্রিয় উৎসব।
- গাছ আমাদের বন্ধু।